

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-১৪১


তারিখঃ ০৩/০৫/২০২০ খ্রিঃ

বিষয়ঃ প্রকল্প/কর্মসূচি'র কর্মকর্তা/কর্মচারীদের স্থগিত বেতন ভাতা সংক্রান্ত তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচি'তে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্প/কর্মসূচি'র কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন হারে বেতন ভাতা স্থগিত করা হয়। হিসাব সংক্রান্ত কাজে ব্যবহারের জন্য উক্ত স্থগিতকৃত অপরিশোধিত বেতনভাতার তথ্য জানা প্রয়োজন। তথ্য প্রদানের জন্য নিম্নোক্ত ছক দেয়া হলোঃ

ক্র.নং	নাম	পদবী	বর্তমান কর্মস্থল	প্রকল্পের শুরু হতে অদ্যাবধি স্থগিতকৃত বকেয়া বেতনভাতার পরিমাণ (টাকায়)	স্থগিতকৃত বকেয়া বেতনভাতা বাবদ উপজেলা দপ্তরে সংরক্ষিত জমার পরিমাণ (টাকায়)	মন্তব্য

এমতাবস্থায়, স্থগিতকৃত বকেয়া বেতন ভাতা সংক্রান্ত তথ্য বর্ণিত ছক মোতাবেক কর্মসূচি'র সদর দপ্তরের ই-মেইলে আগামী ০৪/০৫/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যে যে সকল কর্মকর্তা/কর্মচারী'র স্থগিতকৃত সমুদয় বকেয়া বেতনভাতা পরিশোধ করা হয়েছে তাদের তথ্য দেয়া যাবে না। এছাড়া কোন কর্মকর্তা/কর্মচারী বদলী হলে তার বিপরীতে যদি স্থগিতকৃত বেতনভাতা সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে জমা থাকে তবে তার তথ্য প্রদান করে মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

বিআরডিবি,

উপজেলাঃ ----- জেলাঃ -----

(কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত ১৫টি জেলা)
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।